দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# আন্তর্জাতিক সংস্থার স্কলারশীপ

বাংলাদেশ থেকে প্রতি বছর বহু শিক্ষার্থী পাড়ি জমাচ্ছে বিদেশে পড়াশোনার জন্য। কেউ যাচ্ছে নিজ খরচে পড়তে, কেউ হয়তো ইংরেজী শিক্ষার ওপর ভর করে, আর অল্প কিছু মেধাবী ছাত্রছাত্রী পাচ্ছে স্কলারশীপ। তারা বিনা খরচে পড়াশোনা করার সুযোগ পায় সেখানে। কিন্তু অনেক মেধাবী শিক্ষার্থীই হয়তো জানে না কোথায়, কখন, কিভাবে স্কলারশীপ পাওয়া যায়। কেউ হয়তো বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ করে তাদের বিভাগীয় বিষয়ভিত্তিক স্কলারশীপের জন্য। কিন্তু রেজাল্ট খুব ভাল না হলে হয়তো তারা স্কলারশীপটি পায় না, কিংবা হয়তো ওই বিশ্ববিদ্যালয়ের স্কলারশীপের সব শর্ত পূরণ করা সম্ভব হয় না, কিন্তু তাদের হতাশ হওয়ার কিছু নেই। কারণ এসব বিশ্ববিদ্যালয়ের বিষয়ভিত্তিক স্কলারশীপ ছাড়াও বিশ্বের বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা কম শর্তে বা মোটামুটি ভাল রেজাল্টও মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের স্কলারশীপ দিয়ে থাকে।

❑ HAGUE ACADEMY OF INTERNATIONAL, low reace place, chmegie, plin 25177kj, HAAG, Netherland
আন্তর্জাতিক আইনের ওপর এ সংস্থা প্রতি বছর তিন মাস ও দুই মাস মেয়াদী পোস্ট গ্র্যাজুয়েট প্রশিক্ষণের জন্য স্কলারশীপ প্রদান করে থাকে। এসবের রেজাল্টের উপর ভিত্তি করে আরও উচ্চ শিক্ষা নেয়া যায়।

❑ CAMBRIDGE COMMON WELATH TRVST, Post Box-252 cambridge CB. 21 TZ, England.
বিজ্ঞান, সাহিত্য, দর্শন, ধর্মতত্ত্ব ইত্যাদি বিষয়ের ওপর উচ্চতর শিক্ষা গ্রহণের জন্য প্রতি বছর এ সংস্থাটি কিছুসংখ্যক স্কলারশীপ দিয়ে থাকে।

❑ UNITED NATIONS EDUCATIONAL SCIENTIFIC AND CULTURAL ORGANIZATION (UNESCO) 2, Place of Fontenoy, 75352 PARIS 07SP, FRANCE.
প্রতি বছর শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, সামাজিক ও মানবিক এবং অর্থনৈতিক উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে ফেলোশীপ বৃত্তি প্রদান করে থাকে। তবে মেধাবী শিক্ষার্থীদের পাশাপাশি এ সংস্থাটি দরিদ্র ছাত্রদের স্কলারশীপ প্রদান ও অন্যান্য সাহায্য করে থাকে :-

❑ FOOD AND AGRICULTURE ORGANIZATION (FAO), Viale Delle Termedi, Aracalla 00100 ROMA, Italy.
এই সংস্থাটি প্রতি বছর নির্দিষ্ট সময়ে প্রধানত কৃষি, মৎস্য, পুষ্টি, অর্থনীতি, পরিসংখ্যান ও বনায়ন এবং অন্য কয়েকটি বিষয়ের ওপর স্কলারশীপ ঘোষণা এবং স্কলারশীপ প্রদান করে থাকে।

❑ ফখরুল ইসলাম